রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৫, ২০১৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ মাঘ, ১৪২২/২৫ জানুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ১২ মাঘ, ১৪২২/২৫ জানুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:-

## বা. জা. স. বিল নং ০৫/২০১৬

## The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন The Prime Minister's (Remuneration and Privileges) (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) এই আইনের ধারা ২, ১ জুলাই, ২০১৫ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং ধারা ৩, ৪, ৫ ও ৬, ১ জুলাই, ২০১৬ তারিখ হইতে কার্যকর হইবে।

২। **Act No. IX of 1975 এর section 3 এর সংশোধন**।—The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 (Act No. IX of 1975), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3 তে উল্লিখিত "58,600" সংখ্যা ও কমার পরিবর্তে "1,15,000" সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।


মূল্য ঃ টাকা ৪.০০

৩। **Act No. IX of 1975 এর section 6 এর সংশোধন।**—উক্ত Act এর section 6 এর sub-section (2) তে উল্লিখিত "50,000" সংখ্যা ও কমার পরিবর্তে "1,00,000" সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৪। **Act No. IX of 1975 এর section 9 এর সংশোধন।**—উক্ত Act এর section 9 এ উল্লিখিত "1,000" সংখ্যা ও কমার পরিবর্তে "3,000" সংখ্যা ও কমা প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. IX of 1975 এর section 11 এর সংশোধন।**—উক্ত Act এর section 11 এ উল্লিখিত "14,00,000" সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে "25,00,000" সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

৬। **Act No. IX of 1975 এর section 15 এর সংশোধন।**—উক্ত Act এর section 15 এর sub-section (1) এ উল্লিখিত "1,00,00,000" সংখ্যা ও কমাসমূহের পরিবর্তে "1,50,00,000" সংখ্যা ও কমাসমূহ প্রতিস্থাপিত হইবে।

## উদ্দেশ্য ও কারণ-সম্বলিত বিবৃতি

জাতীয় বেতন স্কেল, ২০১৫ মন্ত্রিসভা কর্তৃক অনুমোদন এবং দেশের সামগ্রিক আর্থ-সামাজিক পরিপ্রেক্ষিত বিবেচনায় মাননীয় প্রধানমন্ত্রীর বেতন ও অন্যান্য সুবিধা সামঞ্জস্যপূর্ণ করিয়া পুনঃনির্ধারণের লক্ষ্যে The Prime Minister's (Remuneration and Privileges) Act, 1975 অধিকতর সংশোধনের জন্য এই বিল উপস্থাপন করা হইল।

**বেগম মতিয়া চৌধুরী**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ড. মোঃ আবদুর রব হাওলাদার**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd